



তারিখ: ১৫ ডিসেম্বর, ২০২৫
 স্মারক নং: ববি/রেজি/অবি/২০২৫/২২০

অফিস বিজ্ঞপ্তি
ফ্রি স্টুডেন্টশীপ (স্প্রিং-২০২৬)

স্প্রিং-২০২৬ সেমিস্টারে ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য আগ্রহী শিক্ষার্থীরা ১২ জানুয়ারি, ২০২৬ থেকে ১৫ জানুয়ারি, ২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থীদের Student Panel এ Waiver Application অপশনে প্রবেশ করে আবেদনপত্রের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে Submit করতে হবে। Submit করার পরে কোনো কিছু সংশোধন বা পুনরায় আবেদন করা যাবে না। সামার-২০২৫ সেমিস্টারে ফ্রি স্টুডেন্টশীপ সুবিধা প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল ও আর্থিক অবস্থা মূল্যায়ন করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না।

উল্লেখ্য, নতুনভাবে আবেদন করার জন্য এবং ফ্রি স্টুডেন্টশীপ প্রাপ্ত শিক্ষার্থীদের সুবিধা পুনর্বিবেচনার জন্য সর্বশেষ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় নিম্নরূপ জিপিএ থাকতে হবে:

* স্প্রিং-২০২৩ থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য: সকল বিভাগের ক্ষেত্রে: ন্যূনতম জিপিএ - ৩.২৫

* ফল-২০২২ পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য:

ক) ইংরেজি, আইন ও মানবাধিকার, সমাজবিজ্ঞান, অর্থনীতি, জার্নালিজম, রাষ্ট্রবিজ্ঞান: ন্যূনতম জিপিএ - ৩.০০

খ) ব্যবসায় প্রশাসন, সিএসই, ইইই, ফার্মেসি: ন্যূনতম জিপিএ - ৩.২৫

বিভাগীয় প্রধান/কো-অর্ডিনেটরবৃন্দকে আগামী ২২ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে উল্লিখিত বিষয়ের শিক্ষার্থীদের তালিকা সফটওয়্যারে ইনপুট করতে হবে।

আগামী ২৬ জানুয়ারি, ২০২৬ তারিখ বিকাল ৪ টায় ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

লে. কর্ণেল মোহাম্মদ খালেদ বিন ইউসুফ (অবঃ)

রেজিস্ট্রার

সদয় অবগতির জন্য:

১. মাননীয় উপাচার্য, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
২. মাননীয় নির্বাহী পরিচালক, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

৩. সকল বিভাগ: বিভাগীয় প্রধান, কো-অর্ডিনেটর, শিক্ষক, প্রোগ্রাম অফিস, নোটিশ বোর্ড, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৪. সকল অফিস, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়
৫. অফিস কপি